



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/যশোর-১৪৪/৬৮

তারিখ: ০২ অগ্রহায়ণ, ১৪২৮  
২৭ নভেম্বর, ২০২১

বিষয়: যশোর জেলার সদর উপজেলাধীন উপশহর আলিম মাদ্রাসার এডহক কমিটির সভাপতি মনোনয়নের জন্য অধ্যক্ষ কর্তৃক ১০/০৮/২০২০ ইং তারিখে সংযুক্ত আবেদন যাচাই প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, যশোর জেলার সদর উপজেলাধীন উপশহর আলিম মাদ্রাসার সভাপতি জনাব মো: শহিদুল ইসলাম মিলন গত ১০/০৮/২০২০ খ্রি. তারিখে অধ্যক্ষ কর্তৃক দাখিলকৃত এডহক কমিটির আবেদনটি যাচাইয়ের আবেদন করেন। উক্ত আবেদনে তিনি উপশহর আলিম মাদ্রাসার অধ্যক্ষ কর্তৃক দাখিলকৃত আবেদনে সভাপতি পদে তিনজনের নামের তালিকার ছয়ালিপি সংযুক্ত করেছেন, যা মাননীয় সংসদ সদস্য জনাব কাজী নাবিল আহমেদ কর্তৃক প্রতিস্বাক্ষরিত।

উক্ত আবেদনের প্রেক্ষিতে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা-র 'ই-অফিস ম্যানেজমেন্ট' যাচাই করে দেখা যায়, অধ্যক্ষ অনলাইনে ই-অফিস ম্যানেজমেন্টের মাধ্যমে দাখিলকৃত আবেদনে মাননীয় সংসদ সদস্য জনাব কাজী নাবিল আহমেদ কর্তৃক প্রতিস্বাক্ষরিত সভাপতি পদে তিনজনের নামের তালিকাটি দাখিল করেননি। উল্লেখ্য, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন মাদ্রাসাসমূহের সকল প্রকার কমিটি অনলাইনে ই-অফিস ম্যানেজমেন্টের মাধ্যমে দাখিলকৃত আবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্রের ভিত্তিতে অনুমোদন প্রদান করা হয়ে থাকে।

বিষয়টি সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

  
১৭.১১.২০২১

মোঃ সিদ্দিকুর রহমান  
রেজিস্ট্রার

ফোন: ৯৬১২৮৫৮

ইমেইল: registrar@bmeb.gov.bd

সভাপতি

উপশহর আলিম মাদ্রাসা

পো: শিক্ষাবোর্ড, উপজেলা: সদর, জেলা: যশোর

নং-বামাশিবো/প্রশাসন/যশোর-১৪৪/৬৮

তারিখ: ০২ অগ্রহায়ণ, ১৪২৮  
২৭ নভেম্বর, ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা শিক্ষা অফিসার, যশোর;
২. উপজেলা নির্বাহী অফিসার, সদর, যশোর;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, যশোর;
৪. অধ্যক্ষ, উপশহর আলিম মাদ্রাসা, পো: শিক্ষাবোর্ড, উপজেলা: সদর, জেলা: যশোর;
৫. পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৬. অফিস কপি।

  
১৭.১১.২১

মোঃ ওমর ফারুক

উপ রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ৯৬৭৪৮৭৪

ইমেইল: dradmin@bmeb.gov.bd

১৭.১১.২১